(একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অধ্যক্ষের কার্যালয়**
রাজশাহী কলেজ, রাজশাহী।

e-mail: rcadmsn@gmail.com website: http://rc.gov.bd / http://rc.edu.bd
online news portal: http://rc.edu.bd/rcbarta

স্মারক নং- ৩৭.০২.৮১২২.১০১.২৫.২৪৪

তারিখঃ ১৩ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
২৭ জানুয়ারী ২০২৫ খ্রিঃ

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষে স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি বিজ্ঞপ্তি (সংশোধিত)

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের ভর্তি সংক্রান্ত কার্যক্রম **২৯/০১/২০২৫ থেকে ২৮/০২/২০২৫** তারিখ পর্যন্ত চলবে। সংশ্লিষ্ট শিক্ষার্থীদের নিম্নেবর্ণিত বিষয়সমূহে নির্ধারিত তারিখের মধ্যে অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পন্ন করার জন্য আহ্বান করা যাচ্ছে।

**১। ভর্তিযোগ্য বিষয়সমূহ ও কোড নম্বর ঃ**

| মানবিক শাখা | | বিজ্ঞান শাখা | | ব্যবসায় প্রশাসন শাখা | |
|---|---|---|---|---|---|
| বিষয় | কোড | বিষয় | কোড | বিষয় | কোড |
| বাংলা Bangla | 1001 | পদার্থবিজ্ঞান Physics | 2701 | হিসাববিজ্ঞান Accounting | 2501 |
| ইংরেজি English | 1101 | রসায়ন Chemistry | 2801 | ব্যবস্থাপনা Management | 2601 |
| আরবি Arabic | 1201 | গণিত Mathematics | 3701 | মার্কেটিং Marketing | 2301 |
| সংস্কৃত Sanskrit | 1301 | উদ্ভিদবিজ্ঞান Botany | 3001 | ফিন্যান্স Finance | 2401 |
| ইতিহাস History | 1501 | প্রাণিবিজ্ঞান Zoology | 3101 | | |
| ইসলামের ইতিহাস ও সংস্কৃতি Islamic History & Culture | 1601 | মনোবিজ্ঞান Psychology | 3401 | | |
| দর্শন Philosophy | 1701 | পরিসংখ্যান Statistics | 3601 | | |
| রাষ্ট্রবিজ্ঞান Political Science | 1901 | ভূগোল Geography | 3201 | | |
| সমাজবিজ্ঞান Sociology | 2001 | | | | |
| সমাজকর্ম Social Work | 2101 | | | | |
| অর্থনীতি Economics | 2201 | | | | |

**২। প্রার্থীদের জন্য জ্ঞাতব্য**

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদন ২৮ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ রাত ১১.৫৯ মি. পর্যন্ত চলবে। আগ্রহী প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) Honours অপশনে গিয়ে Honours Admission Guideline লিংকে ক্লিক করতে হবে। আবেদনকারীকে অবশ্যই ভর্তি নির্দেশিকায় বিবৃত সকল শর্ত মেনে অনলাইন আবেদন ফরম পূরণ করতে হবে। প্রাথমিক **আবেদন ফি বাবদ ৮০০/- (জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফি ৭০০.০০ + প্রসপেক্টাস ও ভর্তি নির্দেশিকা ৭০.০০ + অনলাইন ব্যাংকিং ও আইসিটি ফি ৩০.০০) টাকা ২৯/০১/২০২৫ থেকে ২৮/০২/২০২৫ তারিখের মধ্যে ডাচবাংলা মোবাইল ব্যাংক এর মাধ্যমে জমা করতে হবে।**

**৩। কলেজে আবেদন করার পদ্ধতি ঃ**

(ক) প্রথমে *https://rc.gov.bd/admission-formfillup/* লিংকে গিয়ে **Honours Application** বাটনে ক্লিক করে অথবা সরাসরি (*http://180.211.183.206/EasyCollegeMate/public/Application/honours*) লিংকে প্রবেশ করে জাতীয় বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত **Admission Roll** ব্যবহার করে অনলাইনে প্রাথমিক আবেদন করার পর উক্ত **Admission Roll** নম্বরের বিপরীতে আবেদন ফি বাবদ ৮০০/- **টাকা ২৯/০১/২০২৫ থেকে ২৮/০২/২০২৫ তারিখের মধ্যে** ডাচবাংলা মোবাইল ব্যাংক (রকেট পদ্ধতি) এর মাধ্যমে নিম্নে উল্লিখিত নিয়ম অনুযায়ী জমা দিতে হবে।

(খ) **ভর্তিচ্ছু যে সকল শিক্ষার্থী আবেদনের সময় ভুল Admission Roll দিয়ে আবেদন করবে, তাদেরকে সঠিক Admission Roll দিয়ে পুনরায় আবেদন করতে হবে এবং সঠিক Admission Roll এর বিপরীতে টাকা ৮০০/- ফি পরিশোধ করতে হবে। অন্যথায় কলেজে ভর্তি হতে পারবে না।**

**DBBL মোবাইল ব্যাংকিং এর নিয়মাবলী:**
ক) যে সকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট আছে সেই মোবাইল থেকে *৩২২# ডায়াল করে মেনুতে যান।
খ) '1' (One) নং পেমেন্ট সিলেক্ট করুন।
গ) রাজশাহী কলেজের Biller ID '304' টাইপ করুন।
ঘ) Bill No-এ আপনার জাতীয় বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত **Admission Roll** নম্বর দিন।
ঙ) টাকার পরিমাণ (৮০০/-) লিখুন।
চ) চার সংখ্যার 'পিন' টাইপ করুন।
ছ) Ok অথবা Send বাটন ক্লিক করুন।
জ) প্রাপ্ত Trx ID নম্বরটি সংরক্ষণ করুন।
**DBBL Help Line- ১৬২১৬ (তথ্য পাওয়ার প্রয়োজনে)**

**** রকেট app ব্যবহার করেও ফি পরিশোধ করা যাবে এবং ছাত্র-ছাত্রীর ব্যবহারের জন্য তা অনেক সহজ।**

(গ) পেমেন্ট সম্পন্নের পর Page refresh অথবা পুনরায় ৪ (ক) ধাপ অনুসরণ করলে আবেদনকারীদেরকে Payment Confirmation Slip ও কলেজের Admission Form ডাউনলোড করে তার প্রিন্টেড কপি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফরমের সাথে কলেজে সরাসরি জমা দিতে হবে।

৪। **প্রয়োজনীয় কাগজপত্র কলেজে জমাদান ঃ**

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত আবেদনপত্র (শিক্ষার্থীর স্বাক্ষরসহ);
খ) রাজশাহী কলেজের ডাউনলোডকৃত Confirmation Pay Slip ও Admission Form;
গ) এস এস সি/সমমান এবং এইচ এস সি/সমমান পরীক্ষার নম্বরপত্রের ফটোকপি।
ঘ) এস এস সি/সমমান এবং এইচ এস সি/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।

**প্রয়োজনীয় কাগজপত্র জমাদানের সময়সূচি ও স্থান**

| তারিখ | সময় | স্থান |
|---|---|---|
| ০২/০২/২০২৫ থেকে ০২/০৩/২০২৫ পর্যন্ত (সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত) | সকাল ১০.০০ টা থেকে বেলা ২.০০ টা পর্যন্ত | রাজশাহী কলেজ লাইব্রেরী পূর্ব বারান্দা |

বিঃদ্রঃ যে সকল ভর্তিচ্ছু শিক্ষার্থীর বাসা দূরে থাকার কারণে ভর্তির প্রাথমিক আবেদনপত্র, ডাউনলোডকৃত **Confirmation Pay Slip** এবং কলেজ বিজ্ঞপ্তিতে উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্র রাজশাহী কলেজে জমা দিতে না পারলে তাদেরকে ভর্তি সংক্রান্ত কাগজপত্রাদি (পিডিএফ কপি) **rajcoloffice@gmail.com** এই ঠিকানায় মেইল করতে হবে এবং জনাব মোঃ তাকবীর হাসান, প্রভাষক, মনোবিজ্ঞান বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী'র সাথে যোগাযোগ (মোবাঃ ০১৭৭৪৮৬১৯০৬) করে সংশ্লিষ্ট শিক্ষার্থী তার তথ্য প্রেরণ নিশ্চিত করবে।

৫। **প্রাথমিক আবেদনের ন্যূনতম যোগ্যতা**

(ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মানবিক/বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা শাখায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে আবেদনের ন্যূনতম যোগ্যতা

| ক্রমিক | উচ্চ মাধ্যমিক পর্যায়ে পঠিত শাখা | ২০২১/২০২২ সালের এসএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয়সহ) | ২০২৩/২০২৪ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয়সহ) | উভয় পরীক্ষা মিলে প্রাপ্ত ন্যূনতম জিপিএ |
|---|---|---|---|---|
| i) | মানবিক শাখা ও ব্যবসায় শিক্ষা শাখা বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে HSC (বিজনেস ম্যানেজমেন্ট) ও ডিপ্লোমা-ইন কমার্স শাখা | ২.৫ | ২.৫ | ৫.৫ |
| ii) | বিজ্ঞান শাখা ও বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে HSC (ভোকেশনাল) | ২.৭৫ | ২.৫ | ৬.০ |

*** ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্য পরবর্তিতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের **website (www.nu.ac.bd/admissions** এবং রাজশাহী কলেজের ওয়েবসাইটের **(https://rc.gov.bd)** নোটিশবোর্ড অথবা *https://rc.gov.bd/admission-formfillup/* লিংকের **Honours Application** বাটনের নিচে প্রদর্শিত নোটিশের বাটন ক্লিক করেও জানা যাবে।

৬। **ভর্তি পরীক্ষা সম্পর্কিত তথ্য ও নির্দেশন ঃ**

ক) ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার শিক্ষার্থীদের জন্য আলাদাভাবে ১০০ নম্বরের MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে। MCQ পদ্ধতিতে ১০০ নম্বরের ভর্তি পরীক্ষায় ১০০টি প্রশ্নের উত্তর ০১ (এক) ঘন্টা সময়ের মধ্যে দিতে হবে। MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষায় ভুল উত্তরের জন্য কোন নম্বর কর্তন করা হবে না।

**খ) ভর্তি পরীক্ষার নম্বর বন্টন সম্পর্কিত জ্ঞাতব্য**

<table>
<tr><th>উচ্চমাধ্যমিক পর্যায়ে পঠিত শাখা</th><th>বাংলা</th><th>ইংরেজি</th><th>বাংলাদেশ প্রসঙ্গে সাধারণ জ্ঞান</th><th>বিষয়ভিত্তিক নম্বর বন্টন</th><th>MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষার মোট নম্বর</th><th>এসএসসি/সমমান পরীক্ষার প্রাপ্ত GPA-এর ৪০% (৪র্থ বিষয়সহ)</th><th>এইচএসসি/সমমান পরীক্ষার প্রাপ্ত GPA-এর ৬০% (৪র্থ বিষয়সহ)</th><th>সবমোট নম্বর</th></tr>
<tr><td>বিজ্ঞান শাখা</td><td>২০</td><td>২০</td><td>১০</td><td>পদার্থবিজ্ঞান-১৭, রসায়ন-১৭, গণিত/জীববিজ্ঞান-১৬</td><td rowspan="3">১০০<br>(ভর্তি পরীক্ষায় পাশ নম্বর হবে ৩৫)</td><td rowspan="3">৪০</td><td rowspan="3">৬০</td><td rowspan="3">২০০</td></tr>
<tr><td>মানবিক শাখা</td><td rowspan="2">২৫</td><td rowspan="2">২৫</td><td rowspan="2">১০</td><td>৪×১০=৪০<br>(উচ্চমাধ্যমিক পর্যায়ে পঠিত বিষয়ের মধ্যে যে কোন চারটি বিষয়)</td></tr>
<tr><td>ব্যবসায় শিক্ষা শাখা</td><td>হিসাববিজ্ঞান-২০, ব্যবসায় নীতি ও প্রয়োগ-২০</td></tr>
</table>

**ভর্তি পরীক্ষা: ০৩ মে ২০২৫, শনিবার, সময়: সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত**

**বিঃদ্রঃ কোনো শিক্ষার্থীর ভুল পেমেন্ট বা ভুল তথ্য প্রদানের জন্য আবেদন প্রক্রিয়ায় কোনো জটিলতা সৃষ্টি হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।**

২৮/০১/২০২৫
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।